

জেলেদের নিবন্ধন ও পরিচয় পত্র প্রদান এবং হালনাগাদ সংক্রান্ত বাস্তবায়ন উপজেলা কমিটির প্রস্তুতি সভা

সভাপতি : জনাব মো: শরীফ উদ্দিন ,

উপজেলা নির্বাহী অফিসার

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ , লাখাই , হবিগঞ্জ।

তারিখ : ২৭.০৩.২০২২ খ্রি. , সময় : বিকাল ০৩.০০ ঘটিকায়

সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম

ক্র: নং	উপস্থিত সদস্য বৃন্দের নাম	পদবী	কমিটির পদবী	স্বাক্ষর
১.	জনাব ডা: মোহাম্মদ আবু হানিফ	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা	সদস্য	স্বাক্ষরিত
২.	জনাব মো: শাকিল খন্দকার	উপজেলা কৃষি অফিসার	সদস্য	স্বাক্ষরিত
৩.	জনাব মো: আলী নূর	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	সদস্য	স্বাক্ষরিত
৪.	জনাব পিয়ারা বেগম	উপজেলা মহিলা বিষয়ক অফিসার	সদস্য	স্বাক্ষরিত
৫.	জনাব মো: ইসমাইল তালুকদার	উপজেলা সমবায় অফিসার	সদস্য	স্বাক্ষরিত
৬.	জনাব মোহাম্মদ শাহজাহান	উপজেলা যুব উন্নয়ন অফিসার	সদস্য	স্বাক্ষরিত
৭.	জনাব মো: আব্দুল মোস্তালেব	উপজেলা আনসার ডিডিপি কর্মকর্তা	সদস্য	স্বাক্ষরিত
৮.	জনাব মো: ইদ্রিস তালুকদার	উপজেলা মৎস্য কর্মকর্তা	সদস্য-সচিব	স্বাক্ষরিত
৯.	জনাব নিরঞ্জন দাস	মৎস্যজীবী প্রতিনিধি, স্বজন গ্রাম, লাখাই	সদস্য	স্বাক্ষরিত


সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

উপজেলা মৎস্য কর্মকর্তা , লাখাই , হবিগঞ্জ সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভাকে জানান যে, বিগত জেলেদের তালিকা হালনাগাদ এবং নতুন জেলে নিবন্ধন ও পরিচয় পত্র প্রদান করণের জন্য উপপরিচালক (মৎস্য চাষ), মৎস্য অধিদপ্তর , বাংলাদেশ , মৎস্য ভবন , বননা , ঢাকা এর পত্র নং ৩৩.০২.০০০০.১১১.২০.০০২-১৮০ তারিখ: ২৩/১২/২০২০ খ্রি. মোতাবেক নির্দেশনা প্রদান করেন। উক্ত কাজের জন্য বিগত ১৬/০১/২০২২ খ্রি. তারিখ পত্র নম্বর ৩৩.০২.০০০০.১১১.০৪.২১.১৬৯২ মোতাবেক ১২,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের প্রেক্ষিতে জেলেদের নিবন্ধন ও হালনাগাদ নীতিমালা ২০১৯ অনুসরণ করে কার্যক্রম পরিচালনা করা হবে। নীতিমালাটি সভায় উপস্থাপন করা হয়। এই বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতি ক্রমে নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত সমূহ :

- আগামী ১০/০৪/২০২২ খ্রি. তারিখ হতে জেলেদের নিবন্ধন ও পরিচয় পত্র প্রদান এবং হালনাগাদ করণ কার্যক্রম শুরু হয়ে ১৭/০৫/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত কার্যক্রমটি চলমান থাকবে।
- নিবন্ধন কার্যক্রমের তথ্য সংগ্রহ করবেন জনাব রাজীব কুমার দাস , ক্ষেত্র সহকারী , উপজেলা মৎস্য অফিস , লাখাই , হবিগঞ্জ।
- জেলে নিবন্ধনের আবেদন ফর্ম অফিস চলাকালীন সময় ১০/০৪/২০২২ খ্রি. তারিখ হতে ১৭/০৫/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।
- জেলে নিবন্ধন আবেদন ফর্ম মৎস্য অফিস হতে সংগ্রহ করা যাবে।
- আবেদন পত্রের সহিত চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ , এক কপি পাসপোর্ট সাইজের ছবি , জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সভাপতি মহোদয় উপজেলা মৎস্য কর্মকর্তাকে কমিটি সঠিক ভাবে যাচাই-বাছাই করে নিবন্ধন করণের প্রতি জে ড় দেন। অমৎস্যজীবী যাহাতে নিবন্ধিত হতে না পারে সেদিকে নজর রাখার জন্য অনুরোধ করেন। এছাড়া কমিটির সকলের সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মো: শরীফ উদ্দিন)

উপজেলা নির্বাহী অফিসার
লাখাই , হবিগঞ্জ।

ও

সভাপতি

জেলেদের নিবন্ধন ও পরিচয় পত্র প্রদান এবং হালনাগাদ করণ বাস্তবায়ন উপজেলা কমিটি
লাখাই , হবিগঞ্জ।